

## ■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৮৫

১৩. কিতাবুল হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি তার প্রথম ইহরামকে উমরাহ বানিয়ে নেয় তাকে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মকায় থেকে দ্বিতীয় বার হজের ইহরাম বাঁধার আদেশ করেছেন মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُصْنَطَفَيِّ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمْرٌ مَّنْ أَحَلَّ وَجَعَلَ عَمْرَةً إِهْلَالَ الْأَوَّلِ  
بِإِنْشَاءِ الْحَجَّ ثَانِيًّا مِّنْ مَكَّةَ

আরবী

3785 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ أَحْمَدَ بْنِ مُوسَى بِعَسْكَرِ مُكْرَمٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى  
الْقُطْعَيِّ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَكْرٍ حَدَّثَنَا ابْنُ جَرِيْحٍ أَخْبَرَنَا أَبُو الزَّيْرِ: أَنَّهُ سَمِعَ جَابِرَ بْنَ عَبْدِ  
اللَّهِ يَذْكُرُ حَجَّةَ النَّبِيِّ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: فَأَمَرْنَا بَعْدَ مَا تَمْتَعَنَا أَنْ نَحْلَّ قَالَ النَّبِيُّ  
صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَإِذَا أَرَدْتُمْ أَنْ تَنْتَلِقُوا إِلَى مِنْيَ فَأَهْلُوا) قَالَ: فَأَهْلَلَنَا مِنْ  
الْبَطْحَاءِ.

الراوي : جابر بن عبد الله | المحدث : العالمة ناصر الدين الألباني | المصدر :

التعليق الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3785 | خلاصة حكم المحدث: صحيح - ((حجـةـ النـبـيـ)) (ص 68)  
(69 - .)

বাংলা

৩৭৮৫. জাবির বিন আব্দুল্লাহ রাষ্ট্রিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হজের আলোচনায় বলেন, “অতঃপর আমরা তামাতু হজের নিয়ত করেছিলাম। অতঃপর তিনি আমাদেরকে হালাল হয়ে যাওয়ার নির্দেশ দেন। আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “অতঃপর যখন তোমরা মিনায় গমন করার ইচ্ছা করবে, তখন তোমরা ইহরাম বাঁধবে।”

রাবী বলেন, “অতঃপর আমরা বাতহা নামক স্থান থেকে ইহরাম বাঁধি।”[1]

## ফুটনেট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩৮৭; সহীহ মুসলিম: ১২১৪; সুনান বাইহাকী: ৫/৩১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাত্তুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাত্তুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (হাজ্জাতুন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম :৬৮-৬৯)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93124>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন